



পত্র নং- ৪৭.০০.০০০০.০৮৭.২০.০০১.২০-৮৯

স্বপন ভট্টাচার্য, এম.পি

মন্ত্রী

ভার্ষীয় সরকার, পঞ্জী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

গুপ্তজাতোন্ত্রী বাংলাদেশ সরকার।

৩০ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ

তারিখ: _____

১৩ মে ২০২০ খ্রিস্টাব্দ

‘প্রিয় মন্ত্রী’

‘স্বত্ত্বাচা নিঃন্তে’

আপনি নিশ্চই অবগত আছেন যে, পঞ্জী এলাকার জনগণকে সংগঠিত করে ও প্রশিক্ষণের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পঞ্জী অঞ্চলের কর্মসংস্থান সৃজন করার লক্ষ্যে জাতির পিতা বঙ্গাবু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সনে ‘দ্বি-স্তর সমবায় ব্যবস্থার’ কর্মসূচি ও দর্শনের আলোকে দেশব্যাপী সমন্বিত পঞ্জী উন্নয়ন কর্মসূচি (Integrated Rural Development Programme: IRDP) প্রবর্তন করেন। এ কর্মসূচি গ্রামভিত্তিক কৃষক সমবায়ের মাধ্যমে গ্রামীণ দরিদ্রদের সংগঠিতকরণ এবং কুদ্র সঞ্চয়ের মাধ্যমে

পুঁজি গঠন ও খাগের প্রবাহ বৃদ্ধি, আধুনিক কৃষি উৎপাদন পদ্ধতি ও প্রযুক্তি অবলম্বন, যৌথ পরিকল্পনা গ্রহণ, সমবায় বিপণন ব্যবস্থার প্রবর্তন এবং ‘বীজ-সার-সেচ’ প্রযুক্তির আওতায় গ্রামীণ কৃষি ব্যবস্থার আমূল পরিবর্তন আনয়নে ফলপ্রসূ অবদান রাখছে। এ লক্ষ্যে বিআরডিবি কৃষক সমবায় সমিতিতে উন্নত বীজ, সার, সেচ সুবিধা (গভীর ও অগভীর নলকৃপ), কীটনাশক, খাদ্য শস্য সংরক্ষণের জন্য গোড়াউন সুবিধা, বাজারজাতকরণ, প্রাতিষ্ঠানিক ঋণ ইত্যাদির মতো ইনপুট ও আর্থিক সুবিধা সরবরাহ করে যাচ্ছে।

২। বর্তমানে দেশে ধান কাটা ও রোপনের সময়ে কৃষি শ্রমিকের অভাব পরিলক্ষিত হচ্ছে। কৃষি শ্রমিকের অভাবে ধান কাটার সময়ে দেশের বিভিন্ন এলাকার অতিবৃষ্টির কারণে ধান পানির নীচে তলিয়ে যায়, বিশেষ করে হাওড় অঞ্চলে আকস্মিক বন্যায় মৃহর্তের মধ্যে হাজার হাজার একর জমির ফসল পানিতে তলিয়ে যায়। এ জন্য কৃষকদের কৃষির যান্ত্রিকীকরণ সুবিধা প্রদান করা প্রয়োজন। বর্তমান করোনাভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের কারণে দেশে সম্ভাব্য কৃষি খাতের ক্ষতি মোকাবেলা এবং বিআরডিবি’র সুফলভোগী সদস্যদের জীবিকায়ন চক্র সচল রাখার সুবিধার্থে কৃষি যান্ত্রিকীকরণ সুবিধার আওতায় কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রগোদনা তথা সাবসিডির বা ভর্তুকির মাধ্যমে প্রদানযোগ্য আধুনিক কৃষি যন্ত্রপাতির একটি অংশ বিআরডিবি’র আওতাধীন উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতিতে প্রদান করা যেতে পারে। উল্লেখ্য, এ বিষয়ে পঞ্জী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং-৪৭.৬২.০০.০০.৪০৮.১৩.০০৮.১৯.২২৭৬ তারিখ: ১৫-০৪-২০২০ মূলে কৃষি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

৩। বর্ণিতাবস্থায়, করোনাভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবজনিত সমস্যা মোকাবেলা পরবর্তীতে গ্রামীণ অর্থনীতি সচল রাখার লক্ষ্যে কৃষি যান্ত্রিকীকরণ সুবিধার আওতায় কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রগোদনা তথা সাবসিডির বা ভর্তুকির মাধ্যমে প্রদানযোগ্য আধুনিক কৃষি যন্ত্রপাতির একটি অংশ বিআরডিবি’র আওতাধীন ইউসিসিএলিঃ এর মাধ্যমে প্রকৃত কৃষকদের ব্যবহারের লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হ’ল।

আন্তর্বিক ঘৃতে ৩১/১১/১৪

প্রিয় মন্ত্রী
স্বপন ভট্টাচার্য, এমপি ৫/০৩/১৪

জনাব ড. আব্দুর রাজ্জাক, এমপি
মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়